

আজ ২১শে ফেব্রুয়ারি, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। যে দিনটি আমার ভাষার গরিমাকে আন্তর্জাতিক স্বীকৃতি প্রদান করেছে। দিনটি একই সঙ্গে আমার, আমাদের ভাষার অহংকার এর দিন, সেই মহান ভাষাশহীদ দের স্মরণ করার দিন। আমাদের মহাবিদ্যালয়ে প্রতি বছর এই দিনটি সম্যক শ্রদ্ধার সাথে পালিত হয়। কিন্তু অতিমারীর এই বিপর্যস্ত সময়ে আমরা সবাই সম্মিলিত ভাবে এই বছর আনুষ্ঠানিক ভাবে এই বিশেষ দিনটি পালন করতে পারবো না। যদিও অন্তরে আমরা বিনম্র চিন্তে সেই মহান ভাষা শহীদ দের স্মরণ করবো, বাংলা ভাষার উত্তরোত্তর সমৃদ্ধির আশা রাখবো। পরিস্থিতি স্বাভাবিক হলে আমরা সবাই আনুষ্ঠানিক ভাবে এই দিনটি পালন করবো ও ভাষা দিবসের পুণ্য লগ্নে প্রকাশিতব্য আমাদের মহাবিদ্যালয়ের দেওয়াল পত্রিকা ' একুশে ' প্রকাশের প্রয়াস করবো। মহাবিদ্যালয়ের সঙ্গে যুক্ত সকলকে ও আপামর বাংলা ভাষী মানুষ কে জানাই আন্তর্জাতিক ভাষা দিবসের শুভেচ্ছা।

ধন্যবাদান্তে,

ভারপ্রাপ্ত অধ্যক্ষ

কবি জগদ্রাম রায় গভর্নমেন্ট জেনারেল ডিগ্রী কলেজ, মেজিয়া, বাঁকুড়া